



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ১৩ মার্চ ২০১৮



## শোক বার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, গত ১২ মার্চ ২০১৮ তারিখ নেপালের ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার একটি বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় সোসাইটি অফ দ্য ডেফ অ্যান্ড সাইন ল্যাঙগুয়েজ ইউজার্স (এসডিএসএল) এর প্রতিষ্ঠাতা ও কোষাধ্যক্ষ এবং প্রতিবন্ধীদের অধিকার নিয়ে কর্মরত রফিক-উজ জামান, সুশাসনের জন্য নাগরিকের (সুজনের) সহযোগী সমন্বয়কারী সানজিদা হক এবং তাদের সন্তান অনিরুদ্ধ জামানসহ ৫১ জন বিমান যাত্রীর প্রাণহানির ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং এর পরিবার গভীরভাবে শোকাহত (ইন্না লিল্লাহের ওয়া ইন্না ইলাহে রাজিউন)।

জনাব রফিক জামান বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠায় বলীষ্ঠ অবদান রেখেছেন। বিচার প্রক্রিয়ায় বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তির অভিগম্যতা নিশ্চিত করার ক্ষেত্রে তিনি ও তার সংগঠণ বিভিন্ন সময় পরামর্শ ও ইশারা ভাষা বিশেষজ্ঞ (ইন্টারপ্রেটর) সরবরাহের মাধ্যমে ব্লাস্টের আইনী সহায়তা প্রদানের কার্যক্রমে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেছেন। এছাড়াও বিভিন্ন গবেষণা ও অ্যাডভোকেসি কর্মসূচিতেও তিনি আন্তরিকভাবে ব্লাস্টের কর্মকান্ডের সাথে সম্পৃক্ত ছিলেন। তাঁর মৃত্যুতে নিঃসন্দেহে প্রতিবন্ধী জনগোষ্ঠীর অধিকার আন্দোলনে অপূরণীয় ক্ষতি হল।

ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা তার শোক সন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

ব্লাস্ট পরিবার